দৈনিক ইত্তেফাক

তারিখ 09 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম ৭

C42

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দফতর, ইনষ্টিটিউট অব গ্রাফিক আর্টস
সাতমসজিদ সড়ক, ঢাকা-৭

### গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট

# পুনঃ ছাত্র ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা গ্রাফিক আর্টস ইনষ্টিটিউটে ১৯৮৮-৮৯ইং শিক্ষাবর্ষের প্রথম পর্বের তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-প্রিন্টিং টেকনোলজী কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

'ভর্তির যোগ্যতা ও শর্তাবলী'

১। প্রার্থিগণকে এস, এস, সি পরীক্ষায় কমপক্ষে ৪৫% এবং সাধারণ অথবা নৈর্বাচনিক অথবা উচ্চতর গণিতে ৫০% নম্বর পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।

২। ভর্তির নির্ধারিত ফর্ম ও ভর্তি সংক্রান্ত তথ্য বিবরণী ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:০০টা হইতে দুপুর ২:০০টা পর্যন্ত) নিম্ন-স্বাক্ষরকারীর অফিস হইতে সংগ্রহ করা যাইবে।

৩। আবেদন গ্রহণের শেষ তারিখ ৩০-১১-৮৮ইং তারিখ দুপুর ২-০০ ঘটিকা পর্যন্ত এবং ভর্তি পরীক্ষা আগামী ২৪-১২-৮৮ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হইবে।

৪। আবেদনের জন্য যোগ্য প্রার্থিগণকে ফরম পূরণ করিয়া (ক) এস, এস, সি, পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) এস, এস, সি পরীক্ষার নম্বর তালিকার সত্যায়িত ফটোকপি (গ) যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করিয়াছে তাহার প্রধানের নিকট হইতে প্রশংসা চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটো-কপি (ঘ) সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে (ঙ) ৫০/- (পঞ্চাশ) টাকা প্রদানের রসিদ আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৫। ১৯৮৮ইং সনের এস, এস, সি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ নিয়মিত বলিয়া গণ্য হইবে। ইহাছাড়া ১৯৮৭ ইং সনের এস, এস, সি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ অনিয়মিত বলিয়া বিবেচিত হইবে। অনিয়মিত প্রার্থীদের ক্ষেত্রে প্রাপ্ত মোট নম্বর হইতে ৫% নম্বর বিয়োগ করিতে হইবে। ১৯৮৭ইং সনের পূর্বে এস, এস, সি পরীক্ষায় পাস করিয়াছে এইরূপ প্রার্থী দরখাস্ত করার অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

ভর্তির ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য অত্র ইনষ্টিটিউটের রেজিষ্ট্রারের সহিত যোগাযোগ করা যাইতে পারে।

(মোঃ হারুনুর রশিদ), ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
ইনষ্টিটিউট অব গ্রাফিক আর্টস,
সাতমসজিদ সড়ক, ঢাকা-৭।

ডিএফপি-(স)১৩৫৪৭-২৯/১০
স—২৮৬৪